

নতুন প্রবর্তিত উচ্চতায় কাজ করা সম্পর্কিত বিধান ২০০৫

(Questions about the new Work at Height Regulations 2005)

- নতুন প্রবর্তিত **Work at Height Regulations 2005** দ্বারা কি মই এর ব্যাপারে নিষিদ্ধ করা হয়েছে?
- **Work at Height Regulations 2005** এর আওতায় এইচএসই কি কোনো অনুমোদিত আচরণ নীতিমালা (**Approved Code of Practice**) প্রস্তুত করবে?
- কাজ করার জন্য মাচা (প্ল্যাটফর্ম) তৈরী প্রসঙ্গে নিরাপত্তা বেস্টনী (গার্ড রেইল) বিষয়ে কি কি পরিবর্তন আনা হয়েছে?

নতুন প্রবর্তিত **Work at Height Regulations 2005** দ্বারা কি মই এর ব্যাপারে নিষিদ্ধ করা হয়েছে?

উচ্চতায় কাজ করা সম্পর্কিত বিধান ২০০৫ মই ব্যবহার নিষিদ্ধ করেনি। এতে বিধান রয়েছে যে ঝুঁকি নিরূপণ করে যদি দেখা যায় যে কম ঝুঁকিপূর্ণ, অল্প সময়ের কাজ বা কাজের এলাকা বিবেচনায় অন্য কোনো যথাযথ কাজের যন্ত্রপাতি ব্যবহার করা সঠিক হবে না, শুধুমাত্র তখনই মই ব্যবহারের কথা বিবেচনা করা যাবে।

এইচএসই মেনে নিয়েছে যে উচ্চতায় কাজের জন্য মই এর ব্যবহার বাস্তবসম্মত, এবং আসলে অনেক ধরনের পরিস্থিতিতে সাধারণতঃ মই ব্যবহার করা হয়ে থাকে। লোকজন নিয়োগ করা হয় এমন প্রায় সকল ক্ষেত্রেই মই ব্যবহৃত হয়, কখনও যেসব কাজের জন্য এটার ডিজাইন করা হয়েছে তার বাইরেও নানা কাজে মই ব্যবহার করা হয়।

Work at Height Regulations 2005 এর Schedule 6 এ মই ব্যবহারের জন্য প্রয়োজনীয় শর্ত বর্ণিত হয়েছে। এতে বলা হয়েছেঃ

Schedule 6 মই ব্যবহারের শর্তাদিঃ

১. সকল নিয়োগকারীকে নিশ্চিত করতে হবে যে উচ্চতায় কাজ করতে মই ব্যবহৃত হচ্ছে শুধুমাত্র এজন্য যে খতশতফনলনশট ছনফয়রততভষশাড এর বিধি ও অনুযায়ী করা ঝুঁকি নিরূপণ থেকে দেখা গেছে যে কম ঝুঁকির কারণে অন্য কোনো আরো উপযুক্ত কাজের যন্ত্রপাতি ব্যবহার যুক্তিসঙ্গত নয় এবং
 - ক. স্বল্প সময়কালের জন্য ব্যবহার; অথবা
 - খ. কাজের এলাকায় বিদ্যমান ব্যবস্থা পরিবর্তন করা সম্ভব নয়।
২. যে জায়গায় মই স্থাপন করা হবে তা হতে হবে স্থিতিশীল, দৃঢ় বা যথেষ্ট শক্ত এবং যথাযথ মালমশলায় তৈরী যাতে করে তা মইকে নিরাপদে ধরে রাখতে পারে, এর সিঁড়িগুলো মাটির সমান্তরাল থাকে এবং মই এর ওপর যত ওজনের দ্রব্যাদি ওঠানো নামানো হবে তার জন্যও উপযোগী হয়।
৩. মই কে এমনভাবে স্থাপন করতে হবে যাতে ব্যবহারের সময় তা স্থিতিশীল থাকে।
৪. নমনীয় মই ছাড়া, অন্যান্য বুলন্ত মই এমন নিরাপদভাবে লাগাতে হবে যাতে, এটাকে সরানো না যায় এবং দোল খাওয়া রোধ করা যায়।
৫. বহনযোগ্য কাজের সময় পিছলে যাওয়া বন্ধ করা যাবে নিম্নলিখিতভাবে-

- ক. ওপরের বা নীচের সিঁড়ি নিরাপদ করে বেধে নিয়ে
- খ. কার্যকর কোনো পিছলানো-নিরোধক বা অন্য কোনো স্থিতিশীল করার পদ্ধতি ব্যবহার করে
- গ. সমান কার্যকারিতাসম্পন্ন অন্য যে কোনো ব্যবস্থার মাধ্যমে
- ৬. কোথাও ঢোকা বা পৌঁছানোর জন্য ব্যবহৃত সিঁড়ি এমন লম্বা হতে হবে যাতে নামার জায়গার যথেষ্ট ওপরেও তা বেড়ে থাকে, যদি না শক্তভাবে হাত দিয়ে ধরার জন্য অন্য কোনো ব্যবস্থা নিশ্চিত করা হয়।
- ৭. পরস্পর জোড়া দেয়া অথবা টেনে বাড়ানোর ব্যবস্থায়ুক্ত সিঁড়ি ব্যবহার করা যাবে না যদি না ব্যবহারকালে এর অংশগুলোর পরস্পর নড়াচড়া বন্ধ করা যায়।
- ৮. বহন/স্থানান্তরযোগ্য মইতে পা দেয়ার আগেই তা যাতে পিছলে না যায় তা নিশ্চিত করতে হবে।
- ৯. যখন একটি মই বা পরস্পর-যুক্ত একাধিক মই খাড়াভাবে এর ভিত্তি থেকে ৯ মিটার বা তার বেশী ওপরে উঠে যাবে সেক্ষেত্রে, যুক্তিযুক্তভাবে বাস্তবসম্মত হলে, উপযুক্ত মধ্যবর্তী স্থানে একাধারে যথেষ্টসংখ্যক নিরাপদ অবতরণস্থল বা বিরতি গ্রহণের জন্য মাচার ব্যবস্থা রাখতে হবে।
- ১০. প্রত্যেক মই এমনভাবে ব্যবহার করতে হবে যাতে-

- ক. ব্যবহারকারীর জন্য সবসময় একটি নিরাপদ ধরার স্থান ও নিরাপদ অবলম্বন থাকে; এবং
- খ. ওজনসম্পন্ন কিছু নিয়ে ওঠার সময় ব্যবহারকারীর জন্য হাত দিয়ে নিরাপদে ধরে ওঠার টানা ব্যবস্থা থাকে, যদি না সিঁড়ি মই এর মত, বোঝাসহ ওঠার সময় হাত দিয়ে ধরার টানা ব্যবস্থা বাস্তবে সম্ভব না হয়, এবং Management Regulations এর বিধি ৩ এর আওতায় ঝুঁকি নিরূপনের পর দেখা যায় সিঁড়ি মই ব্যবহার নিম্নলিখিত কারণে যুক্তিযুক্ত-
 - i. তা কম ঝুঁকিপূর্ণ; এবং
 - ii. এর অল্প সময়ব্যাপী ব্যবহার। সূত্রঃ Work at Height Regulations 2005)। এই আইনী বিধানটি Her Majesty's Stationery Office ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। এইচএসই The Working at Height Regulations 2005: A brief guide (INDG401) নামক একটি বিনামূল্যে বিতরণযোগ্য তথ্যপত্র তৈরী করেছে। বিকল্প হিসাবে, মুদ্রিত কপি HSE Books-এ পাওয়া যাবে।

নতুন প্রবর্তিত Work at Height Regulations 2005 এর আওতায় এইচএসই কি কোনো Approved Code of Practice প্রস্তুত করবে?

নতুন প্রবর্তিত Work at Height Regulations 2005-এর জন্য কোনো Approved Code of Practice (ACOP) জারী করার কোনো পরিকল্পনা বর্তমানে নেই। তবে এইচএসই-র অন্তর্ভুক্ত শিল্প সেক্টরগুলো স্বতন্ত্রভাবে নিজ নিজ দিক নির্দেশনামূলক নীতিমালা প্রস্তুত করতে পারে। এটা এ মূহুর্তে আলোচনার পর্যায়ে আছে।

কাজ করার জন্য প্লাটফর্মের বিষয়ে গার্ডরেইলে কি কি পরিবর্তন আনা হয়েছে?

নতুন প্রবিধানে নির্মান কাজের ক্ষেত্রে হাতে ধরার রেইল এর সর্বনিম্ন উচ্চতা, পুরাতন প্রবিধানের ৯১০মিমি থেকে বাড়িয়ে ৯৫০মিমি করা আবশ্যিক করা হয়েছে। যেখানে বর্তমান ৯১০মিমি হ্যাণ্ডরেইল স্থায়ীভাবে সংযুক্ত অবস্থায় আছে তা পরিবর্তন না করা পর্যন্ত সেভাবে থাকতে পারবে। সবচেয়ে ওপরের রেইল ও মধ্যবর্তী কোনো রেইল এর ফাঁক ৪৭০মিমি এর বেশী হতে পারবে না। পায়ের আঙ্গুলে ভর দেবার টো-বোর্ডগুলো যথোপযুক্ত ও যথেষ্ট হতে হবে।

সূত্রঃ Work at Height Regulations 2005.

এই বিধিবদ্ধ আইনী দলিল হার ম্যাজেস্টিজ স্টেশনারী অফিসের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

এইচএসই *The Working at Height Regulations 2005: A brief guide (INDG401)*

নামক একটি ফ্রি লিফলেট প্রস্তুত করেছে।

বিকল্প হিসাবে, মুদ্রিত কপি HSE Books- এ পাবেন।